164

দৈনিক ইত্তেফাক

তারিখ ... JUN. 1 8 1999

পৃষ্ঠা ১২ কলাম ৩

মহানগরী চট্টগ্রাম

# মোস্তফা হাকিম কলেজকে হেলদি কলেজ ঘোষণা

চট্টগ্রাম অফিস ।। হেলদি সিটি কর্মসূচীর আওতায় উত্তর কাটলী হেলদি সিটি ওয়ার্ডের আলহাজ্ব মোস্তফা হাকিম কলেজকে হেলদি কলেজ ঘোষণা করিয়া আনুষ্ঠানিকভাবে ইহার কার্যক্রম শুরু করা হইয়াছে। সিটি মেয়র এ,বি,এম মহিউদ্দিন চৌধুরী গত ৫ই জুন কলেজের মাঠে হেলদি সিটি ইউনিট কমিটির ওরিয়েন্টেশন কর্মসূচীর এক সভায় এই ঘোষণা দেন এবং আনুষ্ঠানিকভাবে ইহার ফলক উন্মোচন করেন। অনুষ্ঠানে বিশ্ব স্বাস্থ্য সংস্থার পরিবেশ বিষয়ক উপদেষ্টা হেন এ হাইনেন। কলেজ অধ্যক্ষ এএ রেজাউল করিম চৌধুরী, প্রকল্পের সমন্বয়কারী সিটি কর্পোরেশনের তত্ত্বাবধায়ক প্রকৌশলী আবু তাহের বক্তব্য রাখেন।

সিটি মেয়র এলাকার জনগণের মৌলিক চাহিদা পূরণসহ নিরাপত্তা, শিক্ষা, স্বাস্থ্য, স্যানিটেশন, পরিচ্ছন্নতা, ক্রীড়া ও সাংস্কৃতিক উন্নয়নের শর্তই হইতেছে হেলদি সিটি প্রকল্পের লক্ষ্য। তিনি বলেন, উন্নত বিশ্বে এ প্রকল্প বিশেষ প্রসার লাভ করিয়াছে এবং জনগণের জীবনযাত্রায় অভুতপূর্ব উন্নয়ন ঘটাইয়াছে, মেয়র বলেন, বিশ্বস্বাস্থ্য সংস্থার সহায়তায় কর্পোরেশনের উত্তর পাহাড়তলী ও জালাল খান ওয়ার্ডকে হেলদি ওয়ার্ড ঘোষণা করিয়া এ প্রকল্পের কর্মসূচী বাস্তবায়নের উদ্যোগ নেওয়া হইয়াছে। জনগণের সহায়তা ও সচেতনতার মাধ্যমে এ প্রকল্প বাস্তবায়ন সম্ভব হইবে বলিয়া মেয়র উল্লেখ করেন। তিনি হেলদি ওয়ার্ড সমূহের অতিরিক্ত ব্যয় বরাদ্দের কথা উল্লেখ করিয়া তাহার সর্বাত্মক সহযোগিতার আশ্বাস দেন।